



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 20
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 04.11.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

কাকু গেলেন, হাঁস শিকারে—নিয়ে এলেন, জ্যাস্ত একটা কুমীরছানা! উঠোনের চৌবাচ্চায় তাকে রাখলেন—নাম দিলেন ‘জগ্‌মোহন।’

‘জগ্‌মোহন’ প্রকাণ্ড হাঁ করে, কাকু টপাটপ্ খাবার দেন, সে কপাকপ্ গিলে খায়—বাবলু টুবলু মজা দেখে।

এখন জগ্‌মোহন বেশ বড় হয়েছে—চৌবাচ্চায় কৈ মাছ, উঠোনে শালিক, চড়াই শিকার করে। হঠাৎ একদিন জগ্‌মোহন কেমন করে রাস্তায় পালিয়ে গেল।

তারপর যা কাণ্ড—হাঁউমাউ করে ছেলেপিলেরা ছুটল, ঘেউঘেউ করে কুকুর ডেকে উঠল, দুমদাম করে দরজায় খিল পড়ল, ‘মারমার’ করে কেউ কেউ লাঠি হাতে বেরিয়ে এল—যেই জগ্‌মোহন খঁয়াক খঁয়াক করে তেড়ে গেল, অমনি তারা হুড়মুড়িয়ে পালাল।

এবার এল, দরোয়ান ভীম সিং—মুণ্ডরটা খাঁ-ই করে মারবে, এমন সময়ে কাকু ছুটে এলেন ‘মেরো না! মেরো না! আমার পোষা কুমীর!’

একটা কৈ মাছ জগ্‌মোহনের নাকের সামনে দোলাতে দোলাতে কাকু ছুটলেন—সুড়সুড় করে জগ্‌মোহন তাঁর পিছনে চলল।

পাড়ার লোক বলল—‘কি বিদঘুটে শখ বাপু! কুমীর আবার কেউ পোষে নাকি? না মশাই, ওটাকে বিদায় করুন—কোনদিন কাকে কামড়াবে!’ বাবাও বললেন, ‘ওকে নাহয় আলিপুর চিড়িয়াখানায় দিয়ে এসো!’

কাকু বেচারা এখন প্রতি রবিবার চিড়িয়াখানায় যান—বোতলভরা কৈ মাছ নিয়ে, তাঁর সাধের জগ্‌মোহনকে খাইয়ে আসেন।

১) কাকু হাঁস শিকার করতে গিয়ে কি নিয়ে এলেন?

উঃ কাকু হাঁস শিকার করতে গিয়ে জ্যাস্ত একটা কুমীরছানা নিয়ে এলেন।

২) কুমীরছানাটির নাম কি ছিল?

উঃ কুমীরছানাটির নাম ছিল ‘জগ্‌মোহন’।

৩) কুমীরছানাটি কি কি শিকার করত?

উঃ কুমীরছানাটি চৌবাচ্চায় কৈ মাছ, উঠোনে শালিক, চড়াই শিকার করত।

৪) বাবা জগ্‌মোহনকে কোথায় দিয়ে আসার কথা বলেছিল?

উঃ বাবা জগ্‌মোহনকে আলিপুর চিড়িয়াখানায় দিয়ে আসার কথা বলেছিল।

৫) কাকু প্রতি রবিবার কোথায় যান?

উঃ কাকু প্রতি রবিবার চিড়িয়াখানায় যান।

৬) অর্থ লেখ : বিদঘুটে

বিদঘুটে — কুৎসিত।

৭) বাক্য রচনা কর : শখ

শখ — রমেনের অভিনেতা হওয়ার শখ ছিল।

৮) শূন্যস্থান পূরণ কর :

হঠাৎ একদিন জগমোহন কেমন করে রাস্তায় পালিয়ে গেল।

৯) সমার্থক শব্দ লেখ : নাক

নাক — নাসিকা।

১০) লিঙ্গ পরিবর্তন কর : বাবা

বাবা — মা।

১১) বিপরীত শব্দ লেখ : প্রকাণ্ড

প্রকাণ্ড — ক্ষুদ্র।

১২) বহুবচনের রূপ লেখ : আমার

আমার — আমাদের।